

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৪১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِي الصَّلَاةِ

আরবী

وَعَنْ عُبَيْدِ اللَّهِ: أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ سَأَلَ أَبَا وَاقِدِ اللَّيْثِيَّ: (مَا كَانَ يَقْرَأُ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْأَضِحَى وَالْفِطْرِ؟ فَقَالَ: كَانَ يَقْرَأُ فِيهِمَا: ب (ق وَالْقُرْآنِ الْمُجِيد)
الْمجِيد)
و (اقْتَرَبت السَّاعَة)
رَوَاهُ مُسلم

বাংলা

৮৪১-[২০] 'উবায়দুল্লাহ্ (রাঃ)বলেন, 'উমার ইবনুল খাত্ত্বাব (রাঃ) একবার আবূ ওয়াকিদ আল্ লায়সী (রাঃ)-কে জিজ্ঞেস করলেন যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দু' ঈদের সালাতে কি পাঠ করতেন? রাবী বলেন, তিনি উভয় ঈদের সালাতেই ''কাফ ওয়াল কুরআ-নিল মাজীদ'' (সূরাহ্ কাফ) ও ''ইকতারাবাতিস সা-'আহ্'' (সূরাহ্ আল কামার) তিলাওয়াত করতেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৮৯১, আবৃ দাউদ ১১৫৪, তিরমিয়া ৫৩৪, সহীহ ইবনু হিব্বান ২৮২০। হাদীসের রাবী 'উবায়দুল্লাহ হলেন ইবনু 'আবদুল্লাহ ইবনু 'উত্ববাহ্ আল্ হুজালী আল্ মাদানী, সাতজন ফকীহদের মধ্যে অন্যতম যিনি ৯৯ হিঃ মৃত্যুবরণ করেন। তিনি 'উমার (রাঃ) হতে এ হাদীসটি মুরসাল সূত্রে বর্ণনা করেছেন। কারণ তিনি 'উমার (রাঃ)-এর সাক্ষাৎ লাভ করেননি। তবে মুসলিম-এর অপর একটি বর্ণনায় হাদীসটি 'উবায়দুল্লাহ আবৃ ওয়াকিদ আল্ লায়সী এর থেকে বর্ণনা করেছেন। অতএব হাদীসটি এ দৃষ্টিকোণ থেকে মুন্তাসিল এবং সহীহ।

ব্যাখ্যা



ব্যাখ্যা: উপরে বর্ণিত কয়েকটি হাদীস পরস্পর বিপরীত বর্ণিত হয়েছে। মূলত এটা বৈপরীত্য নয়। কারণ আমরা পূর্বেই বলেছি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জীবদ্দশায় একই সালাতে বিভিন্ন সময় বিভিন্ন সূরাহ্ পাঠ করেছেন এবং প্রত্যেকে নিজ নিজ অবগতি অনুসারে বর্ণনা করেছেন। 'উমার (রাঃ) অবশ্য জানতেন যে, মহানাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' ঈদে কি পড়েছেন তবুও লোকেদের সম্মুখে প্রমাণের উদ্দেশে প্রশ্ন করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন